

তোমার পিছু ছাড়বো নাঃ-

হতে পারে কোনো রাস্তায়,  
কোনো হুড তোলা এক রিক্সায়,  
আমি নীল ছাতা নিয়ে দাঁড়িয়ে,  
তুমি দেখলে না।

রোদে পোড়া এ রোমিও চেহারা  
তুমি বুঝলেনা আমার ইশারা,  
মন বলে যদি থামতে,  
তুমি থামলে না।

তোমার জুলিয়েট হাসি হেসে  
যদি ডাকতে ভালোবেসে,  
আমি তোমার চোখে তাকানোর,  
সাহস পেতাম না।

আমার জড়-সড় এই শরীরে  
তোমার হাওয়ায় লাগছে ফুরফুরে,  
প্রেম নাকি পাগলামি বলতে পারবোনা।  
লোকে পাগল বলুক, মাতাল বলুক, আমি  
তোমার পিছু ছাড়বো না,  
লোকে পাগল বলুক, মাতাল বলুক, আমি  
তোমার পিছু ছাড়বো না।

কোনো কাক-ডাকা এক সকালে  
তুমি বারান্দায় এসে দাড়ালে,  
আমি ছিদ্র খুঁজছি দেয়ালে,  
তোমায় দেখবো বলে।

তুমি অদ্ভুত এক খেয়ালে  
গাঢ় লাল টিপ দেখি কপালে,  
হঠাৎ আমার দিকে তাকালে, আজ  
আমি ভয় পেলাম না।

তোমার জুলিয়েট হাসি হেসে  
যদি ডাকতে ভালোবেসে,  
আমি তোমার চোখে তাকানোর,  
সাহস পেতাম না।

আমার জড়-সড় এই শরীরে  
তোমার হাওয়ায় লাগছে ফুরফুরে,  
প্রেম নাকি পাগলামি বলতে পারবোনা।  
লোকে পাগল বোলুক, মাতাল বোলুক, আমি  
তোমার পিছু ছাড়বো না,  
লোকে পাগল বোলুক, মাতাল বোলুক, আমি  
তোমার পিছু ছাড়বো না,  
তোমার পিছু ছাড়বোনা।

নামি চলো আজ পথে,  
হাত রাখো এই হাতে,

দুজনে চলো যাই বহুদূর।  
আমার গিটারের সুরে,  
দোলা লাগে তোমার নৃপুরে,  
উত্তাল ঢেউ তোলে দোলে হৃদয় সোমুদুর।

তোমার জুলিয়েট হাসি হেসে  
ডাকো একবার ভালোবেসে,  
আমি তোমার চোখে তাকাবো,  
পলক পড়বে না।  
আজ আমার প্রেমিক শরীরে  
তোমার হাওয়ায় উডছি ফুরফুরে  
প্রেম আর পাগলামি টাকে লুকাবো না।  
লোকে পাগল বোলুক, মাতাল বোলুক, আমি  
তোমার পিছু ছাড়বো না,  
লোকে পাগল বোলুক, মাতাল বোলুক, আমি  
তোমার পিছু ছাড়বো না,  
তোমার পিছু ছাড়বোনা।